EMIS No :.......................... School Type Code :..................

(ইনভিজিলেটর পূরণ করবেন)

# প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

## পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

মিরপুর ২, ঢাকা ১২১৬

**শ্রেণি : তৃতীয়**

**বিষয় : বাংলা**

**সেট : এ - ১**

**সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট**

নামঃ ................................................................. ☐ ছেলে ☐ মেয়ে (√ চিহ্ন দিন)

শ্রেণির রোল নম্বর : ...................................................... শাখা : .........................

বিদ্যালয়ের নাম : .........................................................................................................

স্বাক্ষর ও তারিখ
সুপারভাইজর

স্বাক্ষর ও তারিখ
ইনভিজিলেটর

CS CamScanner

## পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা

**প্রশ্ন সংখ্যা : ৪১**
সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট

বহুনির্বাচনী প্রশ্ন অর্থাৎ যেসব প্রশ্নের ৪টি সম্ভাব্য উত্তর দেয়া আছে, সেক্ষেত্রে ১টি উত্তর নির্বাচন করে সঠিক উত্তরে গোল ◯ চিহ্ন দিতে হবে। যেমন-

**১। নিচের বাক্যের শেষে কোন চিহ্নটি বসবে ?**

তোমার নাম কী

ক) ।
(খ) ?
গ) ,
ঘ) !

গোল ◯ চিহ্ন দেয়ার পর যদি মনে হয় উত্তরটি ভুল, সেক্ষেত্রে ভুল উত্তরে ✘ চিহ্ন দিয়ে বা একটানে কেটে দিয়ে একইভাবে সঠিক উত্তরে গোল ◯ চিহ্ন দিতে হবে।

কোনো কোনো ক্ষেত্রে প্রশ্নের নিচে নির্ধারিত বক্সে উত্তর লিখতে হবে। যেমন-

**২। বিদ্যালয় শব্দটি ব্যবহার করে একটি বাক্য রচনা কর ।**

| |
|---|
| আমি প্রতিদিন বিদ্যালয়ে যাই। |

CamScanner

১। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



সিং__

ব
হ
চ
ল

২। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



__র

ব
গ
ঘ
চ

৩। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



শা__লা

ক
ব
ল
প

৪। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



__ই

ম
ক
ব
হ

৫। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



__ড়ি

গু
কু
মু
ঘু

৬। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



চেয়া__

ল
হ
র
ব

৭। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



নৌ__

কা
চা
পা
টা


৮। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



কাঁ__ল

কা
ঠা
ডা
পা


৯। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



__র্য

শু
সু
ষু
সূ

১০। শূন্য স্থানে কোনটি বসবে ☑ চিহ্ন দাও:



ব্রি__

ল
ট
জ
য

## এবার থামো



CamScanner

## অধ্যায় দুই

| ১। আসবাবপত্রের নামগুলিতে ☑ চিহ্ন দাও: | |
|---|---|
| বিছানা | চেয়ার |
| টেবিল | কমলা |
| লাল | আম |
| ফুপু | বৃষ্টি |
| টিয়া | খাট |

| ৬। ফলের নামগুলিতে ☑ চিহ্ন দাও: | |
|---|---|
| হাতি | জাম |
| কলা | আনারস |
| বানর | টেবিল |
| লিচু | গরু |
| মাছ | নদী |

| ২। ফুলের নামগুলিতে ☑ চিহ্ন দাও: | |
|---|---|
| আম | জবা |
| টিয়া | আতা |
| পেয়ারা | টগর |
| গাঁদা | শিউলি |
| ইলিশ | ময়না |

| ৭। রংয়ের নামগুলিতে ☑ চিহ্ন দাও: | |
|---|---|
| মাছ | আম |
| দুধ | গাছ |
| হলুদ | ঈদ |
| কালো | নীল |
| লাল | বিদ্যালয় |

| ৩। পাখির নামগুলিতে ☑ চিহ্ন দাও: | |
|---|---|
| গরু | টিয়া |
| কাক | ছাগল |
| ইলিশ | বোয়াল |
| কুকুর | বিড়াল |
| দোয়েল | শালিক |

| ৮। পশুর নামগুলিতে ☑ চিহ্ন দাও: | |
|---|---|
| কাক | হরিণ |
| চক | রুটি |
| হাতি | গোলাপ |
| ভাল্লুক | উষা |
| কলস | গরু |

| ৪। সবজির নামগুলিতে ☑ চিহ্ন দাও: | |
|---|---|
| কাঁঠাল | জবা |
| লাউ | বেলি |
| আলু | টগর |
| কমলা | বেগুন |
| টমেটো | লিচু |

| ৯. পরিবারের সদস্যের নামগুলিতে ☑ চিহ্ন দাও | |
|---|---|
| বাবা | মাদুর |
| বোন | বেলি |
| ঝড় | দাদা |
| ফুপু | শিউলি |
| চেয়ার | ময়না |

| ৫। কাপড়-চোপড়ের নামগুলিতে ☑ চিহ্ন দাও: | |
|---|---|
| কাঁঠাল | জুতা |
| হলুদ | ঈদ |
| জামা | ময়না |
| হাট | শাড়ি |
| খেজুর | ফুপু |

| ১০। ঋতুর নামগুলিতে ☑ চিহ্ন দাও: | |
|---|---|
| আম | শরৎ |
| বৃষ্টি | টগর |
| গ্রীষ্ম | বসন্ত |
| ব্যাগ | খেজুর |
| কমলা | শীত |

# এবার থামো



CS CamScanner

**১। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**




ক। মেয়েটি ঘুমাচ্ছে ।
খ। মেয়েটি পড়ছে ।
গ। মেয়েটি খাচ্ছে ।
ঘ। মেয়েটি নাচছে ।

**২। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**




ক। পাখিটি ঘুমাচ্ছে ।
খ। পাখিটি খাচ্ছে ।
গ। পাখিটি উড়ছে ।
ঘ। পাখিটি দৌড়াচ্ছে ।

**৩। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**



ক। গরুটি আম খাচ্ছে ।
খ। গরুটি মাছ খাচ্ছে ।
গ। গরুটি পানি খাচ্ছে ।
ঘ। গরুটি ঘাস খাচ্ছে ।

**৪। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**



ক। লোকটি সাঁতার কাটছে ।
খ। লোকটি মাছ ধরছে ।
গ। লোকটি গোসল করছে ।
ঘ। লোকটি ধান কাটছে ।

**৫। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**



ক। নৌকাটি রাস্তায় চলছে ।
খ। নৌকাটি আকাশে উড়ছে ।
গ। নৌকাটি নদীতে চলছে ।
ঘ। নৌকাটি বাতাসে উড়ছে ।

**৬। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**




ক। সূর্য উঠছে ।
খ। বৃষ্টি হচ্ছে ।
গ। শীত পড়েছে ।
ঘ। বাতাস বইছে ।

**৭। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**



ক। শিশুটি ঘুমাচ্ছে ।
খ। শিশুটি পড়ছে ।
গ। শিশুটি দৌড়াচ্ছে ।
ঘ। শিশুটি খাচ্ছে ।

**৮। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**



ক। সূর্য উঠছে ।
খ। সূর্য অন্ধকার।
গ। সূর্য কালো।
ঘ। সূর্য নীল ।

**৯। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**



ক। ঘড়িটি টেবিলে ।
খ। ঘড়িটি মেঝেতে ।
গ। ঘড়িটি বাগানে ।
ঘ। ঘড়িটি দেয়ালে।

**১০। ছবির সাথে মিল করে ☑ চিহ্ন দাওঃ**



ক। মেয়েটি পড়ছে ।
খ। মেয়েটি খেলছে ।
গ। মেয়েটি হাঁটছে ।
ঘ। মেয়েটি লিখছে ।

## এবার থামো

অনুচ্ছেদটি পড়ে ১ থেকে ৪ নং প্রশ্নের উত্তর দাওঃ

বাঁশঝাড়ে থাকত এক চড়ুই পাখি আর পাশের তাল গাছে থাকত এক বাবুই পাখি। দুজনের মধ্যে ছিল মধুর সম্পর্ক। বর্ষাকাল এলে তাদের মধ্যে বন্ধুত্ব আরও বেড়ে যেত। বাবুই পাখির ডাক শুনলে চড়ুই এর খুব আনন্দ হতো। তার মন ভরে যেত বাবুই এর কথায়। দেখা করার জন্য বাবুই এর কাছে ছুটে ছুটে আসত। একদিন চড়ুই বলল আমারও বাসা আছে, কিন্তু তোমার বাসা বেশি সুন্দর। বাবুই বলল, মন খারাপ করোনা, ছোট হোক তবু তোমার নিজের বাসা আছে। তখন বাবুই তার বন্ধুকে নিজের বাসায় থাকতে অনুরোধ করল।

১। কখন বাবুই এবং চড়ুই এর বন্ধুত্ব বেশি হতো ?

(ক) শরৎ

(খ) বর্ষা

(গ) শীত

(ঘ) গ্রীষ্ম

২। সঠিক বাক্য কোনটি ?

(ক) বাবুই পাখি নিজেই বাসা তৈরি করে।

(খ) তৈরি নিজেই বাবুই পাখি বাসা করে।

(গ) নিজেই করে বাসা তৈরি বাবুই পাখি।

(ঘ) করে বাবুই পাখি বাসা নিজেই তৈরি ।

৩। তাদের সম্পর্ক মধুর ছিল তা বোঝা যেত কী ভাবে ?

(ক) দুজন দুজন ঘুরে বেড়াত।

(খ) দুজন দুজনকে খেতে দিত।

(গ) দুজন দুজনকে উপহার দিত।

(ঘ) দুজন দুজনের বাসায় যেত।

৪। বাঁশ ঝাড়ের পাশে কী গাছ ছিল ?

(ক) আম

(খ) জাম

(গ) তাল

(ঘ) লিচু



CamScanner

**অনুচ্ছেদটি পড়ে ৫ থেকে ৮ নং প্রশ্নের উত্তর দাওঃ**

এক কুমির আর শিয়ালের মধ্যে দারুণ ভাব । তারা দুজন মিলে আলুর চাষ করতে গেল। আলু হয় মাটির নিচে, কুমির তা জানত না। সে ভাবল, আলু বুঝি গাছে হয়। তাই সে শিয়ালকে বোকা বানানোর জন্য বলল, গাছের আগার দিকটা আমার। গাছের নিচের অংশ তোমার । শিয়াল হেসে বলল, আচ্ছা তাই হবে। তারপর যখন আলু হল, কুমির তখন সব গাছের আগা কেটে নিয়ে গেল। কিন্তু দেখল তাতে একটাও আলু নেই । মাঠে গিয়ে দেখে, শিয়াল মাটি খুঁড়ে সব আলু নিয়ে গেছে। কুমির ভাবল এবারও হেরে গেছি ।

**৫ । কুমির গাছের উপরের অংশ নিতে চাইল কেন ?**

(ক) কম পাবে বলে।

(খ) বেশি পাবে বলে।

(গ) দু'জন সমান পাবে বলে।

(ঘ) গাছের পাতা সুন্দর বলে।

**৬। কুমির আর শিয়াল মিলে কী চাষ করতে গেল ?**

(ক) মূলা

(খ) আলু

(গ) গাজর

(ঘ) শালগম

**৭। বেশি লোভ করলে কী হয় ?**

(ক) নিজের লাভ হয়।

(খ) অন্যের লাভ হয়।

(গ) নিজের ক্ষতি হয়।

(ঘ) অন্যের ক্ষতি হয়।

**৮। কেন কুমির বারবার হেরে যায় ?**



CamScanner

৯। 'ডিসেম্বর' শব্দটিতে কোন দুটি যুক্তবর্ণ ব্যবহার করা হয়েছে।

(ক) ন + ড

(খ) ড + ন

(গ) ম + ব

(ঘ) ন + ধ

১০। সতর্ক শব্দটি দিয়ে কী অর্থ প্রকাশ করে?

(ক) অসাবধান

(খ) উদাসীন

(গ) সাবধান

(ঘ) অমনোযোগী

১১। ঝাঁক বেঁধে পাখি ওড়ে- এখানে ঝাঁক কথাটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

(ক) দল

(খ) স্বর

(গ) সুর

(ঘ) তান

১২। কোনটি সঠিক বাক্য ?

(ক) উচিত অসহায় করা ব্যক্তিকে সাহায্য।

(খ) অসহায় করা ব্যক্তিকে সাহায্য উচিত।

(গ) সাহায্য অসহায় ব্যক্তিকে করা উচিত।

(ঘ) অসহায় ব্যক্তিকে সাহায্য করা উচিত।

১৩। নিচের বাক্যটির শেষে কী চিহ্ন বসবে ?

তুমি কি আমাকে সাহায্য করবে

(ক) ?

(খ) !

(গ) ,

(ঘ) ;

১৪। হুকুম শব্দের অর্থ কী ?

(ক) অনুরোধ

(খ) আদেশ

(গ) নিষেধ

(ঘ) উপহাস

১৫। "ঘণ্টা" শব্দটিতে 'ণ্ট' যুক্ত বর্ণটি কি কি বর্ণ আছে ?

(ক) ন + ট

(খ) ট + ন

(গ) ণ + ট

(ঘ) ট + ণ

বিজ্ঞপ্তিটি পড়ে ১৬ থেকে ১৯ নং প্রশ্নের উত্তর দাও:

বিজ্ঞপ্তি

তারিখ : ১৭-০৭-২০১৫ইং

আগামী ২৭ জুলাই, ২০১৫ রোজ বুধবার। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে প্রতিযোগী বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। এ কার্যক্রমে বিদ্যালয়ের সকল ছাত্রছাত্রী অংশগ্রহণ করতে পারবে। হলরুমে বিচারকদের উপস্থিতিতে বাছাই কার্যক্রম চলবে। প্রতিযোগিতার সময় সকাল ৯ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত। প্রতিযোগীর বয়স ৬ থেকে ১১ বছর । প্রতিযোগিতার বিষয় নাচ, গান, কবিতা আবৃত্তি ও উপস্থিত বক্তৃতা। এ সকল প্রতিযোগিতার বিষয়ে সহকারী শিক্ষক জাকিরুল ইসলাম শিক্ষার্থীদের সহযোগিতা করবেন। তাছাড়া যেকোনো প্রয়োজনে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক
কন্যাদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

১৬। নোটিশটি দেওয়া হলো কেন ?

(ক) বাছাই কার্যক্রমের জন্য ।

(খ) খেলাধুলা আয়োজনের জন্য।

(গ) সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য।

(ঘ) জাতীয় দিবস আয়োজনের জন্য।

১৭। নোটিশটি করেছেন কে ?

(ক) শ্রেণি শিক্ষক

(খ) শিক্ষা কর্মকর্তা

(গ) সহকারী শিক্ষক

(ঘ) প্রধান শিক্ষক

১৮। উপস্থিত বক্তৃতার নিয়মাবলী জানা না থাকলে শিক্ষার্থীরা কার সহযোগিতা নিবে ?

(ক) বিচারকদের

(খ) শ্রেণি শিক্ষকের

(গ) সহকারী শিক্ষকের

(ঘ) প্রধান শিক্ষকের

১৯। প্রতিযোগিতার জন্য বাছাই কার্যক্রম প্রয়োজন কেন ?



CamScanner

**অনুচ্ছেদটি পড়ে ২০ থেকে ২৩ নং প্রশ্নের উত্তর দাও।**

মীনা, মিঠু আর রাজু বিকেলে মাঠে খেলতে গেল। পথে দেখা হয় পাশের বাড়ির অপুর সাথে। অপু রাজুর চেয়ে বয়সে ছোট। সে একা একা মন খারাপ করে বাড়ি ফিরেছে। মীনা জিজ্ঞেস করল- অপু, খেলা কি শেষ হয়ে গেছে ? অপু বলল, আমি তো খেলি না। মীনা বলল-কেন ? অপু বলল, আমার খেলতে ভালো লাগে না। আমার বার বার ভুল হয়। সবাই হাসাহাসি করে। মীনা অপুকে শিখিয়ে দিল কীভাবে ভালো করে খেলতে হয়। তারপর মাঠে গিয়ে সবাই দুই দলে ভাগাভাগি হলো। মীনার উৎসাহে অনেক ভালো খেললো অপু। এরপর থেকে অপুকে নিয়ে আর কেউ হাসাহাসি করত না। সবাই মিলে আনন্দ করে খেলতে লাগলো।

**২০। কে খেলার মাঠ থেকে মন খারাপ করে বাড়ি ফিরে ছিল ?**

(ক) অপু

(খ) মীনা

(গ) রাজু

(ঘ) মিঠু

**২১। খেলায় ভুল হলে কী করতে হয় ?**

(ক) রাগ করে থাকতে হয়।

(খ) মন খারাপ করতে হয়।

(গ) খেলা শিখে নিতে হয়।

(ঘ) খেলা বাদ দিতে হয়।

**২২। অপু খেলা করে না কেন ?**

(ক) তার নতুন জামা নেই।

(খ) মা খেলতে বারণ করে।

(গ) সবাই তাকে নিয়ে হাসে।

(ঘ) তার খেলার সাথী নেই।

**২৩। অপুর মন খারাপ কেন ?**



CamScanner

**অনুচ্ছেদটি পড়ে ২৪ থেকে ২৭ নং প্রশ্নের উত্তর দাওঃ**

বিশাল পাহাড়ের উপর এক ঈগল বাস করত। সে সেখানে চারটি ডিম দিয়েছিল। খাবারের খোঁজে ঈগলটিকে প্রতিদিন বাইরে যেতে হতো। একদিন ঈগলটি বাইরে গেলে ভূমিকম্পে গোটা পাহাড়টা নড়ে উঠে। ফলে তার একটা ডিম পাহাড়ের গা বেয়ে মুরগির বাসাতে এসে পড়ে। মুরগি সেই ডিমটিকে তার ডিমের সাথে তা দিতে থাকল। একদিন সেই ডিম ফুটে একটা বাচ্চা হল। মুরগির বাচ্চার সাথে সেই বাচ্চাটিও বড় হতে থাকল। কিন্তু ভিতরে ঈগল বাচ্চাটি অন্যকিছু অনুভব করত। একদিন সে আকাশে ঈগলের একটা ঝাঁককে উড়তে দেখল। তখন সে মুরগিকে বলল, ইস ! যদি আমিও তাদের মত উড়তে পারতাম। তখন মুরগি হেসে উত্তর দিল, তুমি তো উড়তে পারবে না। মুরগির কথাটা ঈগল বাচ্চাটির পুরোপুরি বিশ্বাস হল না। সে উড়ার চেষ্টা করতে লাগল। কয়েকবার উড়ার চেষ্টার পর ঈগলের বাচ্চাটি একদিন আকাশে উড়াল দিয়ে অন্যান্য ঈগলের সাথে মিশে গেল।

**২৪। ঈগল বাচ্চাটি শেষ পর্যন্ত কী করল ?**

(ক) আকাশে উড়ে গেল।

(খ) মুরগির সাথে থেকে গেল।

(গ) পাহাড়ের উপরে চলে গেল।

(ঘ) ডিমে তা দিতে।

**২৫। পাহাড়ে ভূমিকম্পের ফলে কী ঘটেছিল ?**

(ক) ঈগলের ডিমটি গড়িয়ে পড়েছিল।

(খ) গাছের মাথা ভেঙ্গে পড়েছিল।

(গ) মুরগির বাসা ভেঙ্গে পড়েছিল।

(ঘ) ঈগলের বাসা নড়ে উঠেছিল।

**২৬। ঈগল বাচ্চাটির ভিতরে অন্যরকম অনুভূতি জাগার কারণ কী ?**

(ক) ঈগলকে উড়তে দেখা।

(খ) মুরগির সাথে বাস করা।

(গ) ঈগল মুরগি থেকে আলাদা।

(ঘ) তার জন্ম হলো ঈগলের পেটে।

**২৭। কোন কিছু অর্জন করতে হলে তোমাকে কী কী করতে হবে ?**



CamScanner

২৮। ঝাপসা শব্দের অর্থ কী ?

(ক) অচেনা

(খ) অদেখা

(গ) অস্পষ্ট

(ঘ) অমলিন

২৯। 'বন্ধুত্ব' শব্দের অর্থ কী ?

(ক) বেশি ভাব

(খ) কম ভাব

(গ) অল্প ভাব

(ঘ) মোটামুটি

৩০। 'মধু'– এর স্বাদ কেমন ?

(ক) টক

(খ) মিষ্টি

(গ) ঝাল

(ঘ) তিতা

৩১। আশ্বিন শব্দটিতে ' শ্ব' যুক্তবর্ণটি কোন কোন বর্ণ দিয়ে গঠিত ?

(ক) ব+শ

(খ) শ+ব

(গ) শ+ধ

(ঘ) ন+শ

৩২। কোন বাক্যেটি সঠিক ?

(ক) ভোরবেলা পাখির ডাকে ঘুম ভাঙে।

(খ) ডাকে ভোরবেলা পাখির ঘুম ভাঙে।

(গ) ভোরবেলা ডাকে ঘুম ভাঙে পাখির।

(ঘ) পাখির ডাকে ঘুম ভাঙে ভোরবেলা।

৩৩। | রি | ণ | হ |

উপরের ছকে সঠিক শব্দ কোনটি ?

(ক) হরণি

(খ) হরিণ

(গ) হীরন

(ঘ) হিণর



CS CamScanner

**অনুচ্ছেদটি পড়ে ৩৪ থেকে ৩৭ নং প্রশ্নের উত্তর দাওঃ**

রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে ১৮৮০ সালের ৯ ডিসেম্বর বেগম রোকেয়ার জন্ম। তাঁর বাবার নাম জহিরউদ্দিন আবু আলী সাবের। মায়ের নাম রাহাতুন্নেসা চৌধুরী। তাঁরা ছিলেন জমিদার। তিনশত বিঘা জমির মাঝে ছিল দেয়াল ঘেরা জমিদার বাড়ি। তখনকার মেয়েদের বাড়িতে বসেই লেখা-পড়া করতে হতো। বেগম রোকেয়া বাড়িতেই আরবি ও উর্দু পড়তেন। পড়ার ফাঁকে ফাঁকে লুকিয়ে বড় ভাইয়ের কাছে বাংলা পড়তেন। ষোল বছর বয়সেই বিয়ে হয়ে গেলেও তিনি আগ্রহ নিয়ে পড়া-লেখা চালিয়ে যান। পরবর্তীতে তিনি মেয়েদের জন্য একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ১৯৩২ সালের একই তারিখে তিনি মৃত্যুবরণ করেন।

**৩৪। মেয়েরা ঘরের বাইরে বের হতো না কেন ?**

(ক) দুর্ঘটনার জন্য

(খ) বেড়ানো অপছন্দ

(গ) পর্দা প্রথার জন্য

(ঘ) বিদ্যালয় দূরে

**৩৫। বেগম রোকেয়া কত তারিখে মৃত্যুবরণ করেন ?**

(ক) ৯ ডিসেম্বর

(খ) ৯ জানুয়ারি

(গ) ৯ ফেব্রুয়ারি

(ঘ) ৯ সেপ্টেম্বর

**৩৬। পায়রাবন্দ গ্রামটি কোন জেলায় ?**

(ক) ঢাকা

(খ) কুমিল্লা

(গ) সিলেট

(ঘ) রংপুর

**৩৭। বেগম রোকেয়া বিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন কেন ?**

(ক) মেয়েদের পর্দার জন্য।

(খ) মেয়েদের বেড়ানোর জন্য।

(গ) মেয়েদের শিক্ষার জন্য।

(ঘ) মেয়েদের বিয়ের জন্য।



CamScanner